

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৭৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - বাগান ও জমিনের বর্গা (পরস্পর সেচকার্য করা ও ভাগে কৃষিকাজ, বর্গাচাষ করা)

بَابُ الْمُسَاقَاةِ وَالْمُزَارَعَة

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ وَرَأَى سِكَّةً وَشَيْئًا مِنْ آلَةِ الْحَرْثِ فَقَالَ: سَمِعْتُ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا يَدْخُلُ هَذَا بَيْتَ قوم إِلَّا أدخلهُ الذل» . رَوَاهُ البُخَارِيِّ

বাংলা

২৯৭৮-[৭] আবৃ উমামাহ্ আল বাহিলী (রাঃ) হতে বর্ণিত। তিনি একটি লাঙ্গল ও চাষযোগ্য কিছু যন্ত্রপাতি দেখে বললেন, আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে জাতির ঘরেই এগুলো ঢুকবে, সে জাতিতেই আল্লাহ লাঞ্ছনা প্রবেশ করাবেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২৩২১, সহীহাহ ১০।

ব্যাখ্যা

व्याখा: কাশমীহানী-এর বর্ণনাতে (إِلَّا أَدْخَلُهُ الذُّلِ) এসেছে, আর আবূ নু'আয়ম-এর উল্লেখিত বর্ণনাতে إِلَّا أَدْخَلُهُ الدُّلِ كَا يَخْرُجُ عَنْهُمْ إِلَى يَوْمِ الْقِيَامَةِ এসেছে- এর দ্বারা উদ্দেশ্য হলো জমিনের অধিকারসমূহ হতে তাদের ওপর যা আবশ্যক হয়ে পড়ে, শাসকগণ জমির কারণে যে অধিকার তাদের কাছ থেকে দাবী করে থাকে জমিতে কাজ করা সর্বপ্রথম যিম্মীদের ওপর সূচনা লাভ করে, তখন সাহাবীগণ ঐ কাজে আত্মনিয়োগ করা অপছন্দ করতেন।

ইবনুত্ তীন বলেনঃ এটা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর তরফ হতে অদৃশ্য সম্পর্কে সংবাদ প্রদান। কেননা বর্তমান দৃশ্য হলো- অধিকাংশ নির্যাতন চাষীদের ওপর বর্তায়। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৩২১)

কিছু বিদ্বানগণ বলেন যে, হাদীসের বাহ্যিক অর্থে চাষের মধ্যে যিল্লাতি বলে বুঝা যায়। প্রকৃতপক্ষে বিষয়টি তেমন



নয়। কেননা তাতে মানুষের কল্যাণ নিহিত আছে, তাই চাষ করা মুস্তাহাব যা সহীহ হাদীস দ্বারা সাব্যস্ত।

অত্র হাদীসে এ কথা বলার কারণ এই যে, সাহাবীগণ যাতে জিহাদ পরিত্যাগ করে চাষের কাজে মনোযোগী না হয়ে পরে। কেননা তাতে কাফিরদের বিজয় হওয়ার সম্ভাবনা রয়েছে। আর এটাই হলো বড় যিল্লাতি। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন